

অডিটোরিয়াম ব্যবহারের নিয়মাবলী

১. অনুষ্ঠানের রেজিস্ট্রেশন/ইনফরমেশন ডেস্ক বিসিসি ভবনের নীচতলায় অবস্থিত ফ্রন্ট ডেস্কে স্থাপন করতে হবে এবং সেখান থেকে আগত অতিথিদের প্রয়োজনীয় দিক নির্দেশনা দিতে হবে;
২. অডিটোরিয়ামের দেয়ালে, ব্যাক স্ক্রীন অথবা কলামে কোন পোস্টার বা কোন প্রচার সামগ্রী এবং ফুল বা কোন সাজ-সজ্জার সামগ্রী লাগানো যাবে না;
৩. অডিটোরিয়ামের চেয়ার, টেবিল বা অন্য কোন ফার্নিচারে পিন, টেপ বা আঠা ব্যবহার করে কোন দ্রব্য লাগানো যাবে না;
৪. বিসিসি'র অডিটোরিয়াম যে অবস্থায় বুকে নিবেন অনুষ্ঠান শেষে সেভাবে বুঝিয়ে দিতে হবে;
৫. অডিটোরিয়াম ব্যবহারের ফলে অডিটোরিয়ামের উপকরণের কোন ক্ষতি সাধিত হলে অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠান কর্তৃক ক্ষতিপূরণ বাবদ ক্ষতিগ্রস্ত উপকরণের মূল্য অথবা বিসিসি কর্তৃপক্ষ কর্তৃক মেরামত বাবদ নির্ধারিত মূল্য পরিশোধ করতে হবে।
৬. অডিটোরিয়ামে আমন্ত্রিত অতিথিদের তালিকা নির্ধারিত তারিখের পূর্বে বিসিসি ভবনের নীচতলায় অবস্থিত নিরাপত্তা ডেস্কে প্রেরণ করতে হবে;
৭. আমন্ত্রিত অতিথিগণ অডিটোরিয়ামের সিঁড়ি পথ ব্যবহার করবেন। তবে বিশিষ্ট ব্যক্তিবর্গ, অসুস্থ/বিশেষভাবে সক্ষম ব্যক্তিবর্গ পূর্বানুমিত সাপেক্ষে লিফট ব্যবহার করবেন।
৮. অডিটোরিয়ামের ভিতরে কোন প্রকার পানী ও খাবার খাওয়া সম্পূর্ণ নিষিদ্ধ; অনুষ্ঠানের জন্য কোন প্রকার খাবারের ব্যবস্থা থাকলে অডিটোরিয়ামের উত্তরাংশের নির্ধারিত স্থানে বা নীচতলায় ডাইনিং রুমে সম্পন্ন করতে হবে।
৯. উল্লিখিত অনুষ্ঠানে ১ জন সাউন্ড সিস্টেম অপারেটর, ১ জন ইলেকট্রিশিয়ান ও ২ জন ক্লিনার দায়িত্ব পালন করবেন।
১০. অনুষ্ঠান পরিচালনার জন্য বাহির থেকে যে সমস্ত মালামাল অডিটোরিয়ামের ভিতর প্রবেশ করানো হবে তার তালিকা বিসিসি'র প্রশাসনে প্রেরণ করতে হবে।
১১. অডিটোরিয়াম বরাদ্দের জ্যে অনুষ্ঠানের পূর্বে বিসিসি'র সচিব বরাবর প্রশাসন শাখায় আবেদন করতে হবে এবং কাউন্সিল নির্ধারিত হারে ভাড়া পরিশোধ করে বরাদ্দ পত্র গ্রহণ করতে হবে।

